সার্ভাইকাল স্ক্রিনিং তথ্য পত্র

Bengali

সার্ভাইকাল স্ক্রিনিং পরীক্ষা কী?

সার্ভাইকাল স্ক্রিনিং পরীক্ষার মাধ্যমে আপনার সার্ভিক্সের (জরায়ুপথ) স্বাস্থ্য পরীক্ষা করা হয়। যোনি থেকে আপনার গর্ভের যে প্রবেশদ্বার, তাকে সার্ভিক্স বলা হয়। সার্ভাইকাল (জরায়ুমুখ) ক্যান্সার থেকে নিজেকে রক্ষা করার অন্যতম সেরা উপায় হল সার্ভাইকাল স্ক্রিনিং।

এটি ক্যান্সারের কোন পরীক্ষা নয়। এটি একটি এমন পরীক্ষা যা ক্যান্সার **প্রতিরোধ** করতে এবং তার বিকাশকে রোধ সাহায্য করতে পারে।

এটি সার্ভিকাল ক্যান্সার থেকে নিজেকে রক্ষা করার অন্যতম সেরা উপায় তাই প্রতিবার সময় মতো সার্ভিকাল স্ক্রিনিং পরীক্ষা করাতে দেরি করবেন না।

HPV সার্ভাইকাল স্ক্রিনিং কী?

এটি একটি **নতুন** ধরনের সার্ভাইকাল স্ক্রিনিং। এটিকে HPV সার্ভাইকাল স্ক্রিনিং বলা হয় এবং এটি 2020 সালে আয়ারল্যান্ডে চালু করা হয়েছিল। এই ধরনের সার্ভাইকাল স্ক্রিনিং ইতিমধ্যে অস্ট্রেলিয়া, নেদারল্যান্ডস, ইংল্যান্ড এবং ওয়েলসে চালু করা হয়েছে। আপনার সার্ভাইকাল স্ক্রিনিং এর নমুনাটিকে প্রথমে হিউমান প্যাপিলোমাভাইরাস (HPV)-এর জন্য পরীক্ষা করা হয় - এটি একটি এমন ভাইরাস যা সার্ভিকাল ক্যান্সার ঘটায়।

যদি HPV পাওয়া যায়, তাহলে ওই একই নমুনা দিয়ে আপনার জরায়ুতে কোন অস্বাভাবিক (ক্যান্সারের পূর্বাবস্থা) কোষের পরিবর্তন হয়েছে কিনা তা পরীক্ষা করা হয়।

এই স্ক্রিনিং পদ্ধতি:

- সার্ভাইকাল স্ক্রিনিং এর একটি শ্রেষ্ঠ উপায়
- আরও ক্যান্সার প্রতিরোধ করে
- এর মানে হল, কিছু লোকের পরীক্ষা কম হবে

আপনার যদি আগে স্মিয়ার টেস্ট করা হয়ে থাকে, তাহলে সার্ভাইকাল স্ক্রিনিং পরীক্ষা করলেও একই রকম অনুভূতি হবে।

কিভাবে HPV সার্ভাইকাল স্ক্রিনিং পরীক্ষা করা হয়?

এই স্ক্রিনিং পরীক্ষায় সাধারণত প্রায় 5 মিনিট মত সময় লাগে।

1. আপনাকে কোমর থেকে কাপড় খুলে একটি বিছানায় শুতে বলা হবে।
2. আপনি আপনি পাশ ফিরে অথবা চিত হয়ে শুতে পারেন, যেভাবে আপনি বেশি স্বাচ্ছন্দ্য অনুভব করবেন।
3. একজন ডাক্তার বা নার্স আলতো করে আপনার যোনিতে স্পেকুলাম নামক একটি যন্ত্র ঢোকাবেন। যন্ত্রটি আপনার যোনির দেয়ালগুলিকে খোলা রাখতে সাহায্য করে, যাতে তারা আপনার সার্ভিক্স দেখতে পারে।
4. একটি ছোট, নরম ব্রাশ দিয়ে আলতো করে জরায়ুমুখ থেকে কোষের নমুনা সংগ্রহ করা হয়।

কেউ কেউ এই পদ্ধতিটিকে অস্বস্তিকর বা বিব্রতকর মনে করলেও, বেশিরভাগের জন্য এটি বেদনাদায়ক নয়। আপনার যদি পরীক্ষাটি বেদনাদায়ক বলে মনে হয় তবে ডাক্তার বা নার্সকে জানান কারণ তারা আপনার অস্বস্তি কমাতে সক্ষম হতে পারেন।

সার্ভাইকাল স্ক্রিনিংইয়ের সুবিধাগুলি কী কী?

নিয়মিত HPV সার্ভাইকাল স্ক্রিনিং:

- জীবন বাঁচায়
- সার্ভিক্সে অস্বাভাবিক কোষ সৃষ্টি করার আগেই HPV সনাক্ত করা যেতে পারে।
- লক্ষণগুলি বিকাশের আগে অস্বাভাবিক কোষের পরিবর্তনগুলি খুঁজে পাওয়া যেতে পারে
- সহজ এবং চিকিৎসাযোগ্য থাকাকালীন অবস্থায় কোষের অস্বাভাবিক পরিবর্তন খুঁজে পাওয়া যেতে পারে।

HPV এবং অস্বাভাবিক কোষের প্রাথমিক সনাক্তকরণ জরায়ুর ক্যান্সারের বিকাশ রোধ করার সর্বোত্তম উপায়।

ঠিক এই কারণেই নিয়মিত স্ক্রিনিং পরীক্ষা প্রয়োজনীয়।

সার্ভাইকাল স্ক্রিনিংইয়ের সীমাবদ্ধতাগুলি কী কী

সার্ভাইকাল স্ক্রিনিংইয়ের প্রধান সীমাবদ্ধতাগুলি হল:

- সার্ভাইকাল স্ক্রিনিং সব ক্ষেত্রে ক্যান্সার প্রতিরোধ করতে পারে না।
- নিয়মিত স্ক্রিনিং করানোর পরেও অনেকেই সার্ভাইকাল ক্যান্সারে আক্রান্ত হয়ে থাকেন।
- কিছু কিছু কোষের অস্বাভাবিক পরিবর্তন অনেক সময় বোঝা যায় না।
- এই স্ক্রিনিং সব সময় কোষের অস্বাভাবিক পরিবর্তন দেখতে পায় না।
- সর্বক্ষেত্রে পরীক্ষার ফল সঠিক হয় না।

আমার দেওয়া নমুনাটির কী হয়?

আপনার নমুনা একটি গুণমান নিশ্চিত পরীক্ষাগারে (ল্যাব) যাবে। সেই ল্যাবে আপনার নমুনাটি পরীক্ষা করে দেখা হবে যে সেটিতে HPV সংক্রমণ আছে কি না। আপনার নমুনায় যদি HPV সংক্রমণ পাওয়া যায় তবে দুইজন বিশেষজ্ঞ কোষের পরিবর্তনের জন্য আপনার নমুনা পরীক্ষা করবেন। যদি তারা কিছু খুঁজে পায়

আপনার একটি পরিবর্তন পাওয়া গেলে, আপনার একটি ফলো-আপ কলপোস্কোপি বলা হয়। এই কলপোস্কোপিতে আপনার সার্ভিক্সের আরও বিশদ চেহারা দেখা যাবে।

কিছু কোষের অস্বাভাবিক পরিবর্তন কেন নজর এড়িয়ে যায়?

আপনার নমুনার আগে HPV সংক্রমণের পরীক্ষা হয়। যদি HPV সংক্রমণ পাওয়া যায় তাহলে অস্বাভাবিক কোষ পরিবর্তন দেখার পরীক্ষা হয়।

কিন্তু সার্ভাইকাল ক্যান্সারে আক্রান্ত সবার নমুনায় স্ক্রিনিংয়ের সময় HPV পাওয়া যায় না।

যদি HPV পরীক্ষা নেতিবাচক আসে- মানে যেখানে কোনো HPV সংক্রমণ পাওয়া যায়নি - এর মানে এই নয় যে আপনি ভবিষ্যতে সংক্রমিত হবেন না।

কোষের অস্বাভাবিক পরিবর্তন অনেক সময় নজর এড়িয়ে যায়, কারণ:

- কিছু সময় অস্বাভাবিক কোষকে স্বাভাবিক কোষের মতোই দেখতে লাগে।
- কখনো কখনো নমুনাতে খুব সামান্য অস্বাভাবিক কোষ পাওয়া যায়।
- যে ব্যক্তি আপনার নমুনাটি পরীক্ষা করছেন কখনো কখনো তার নজর এড়িয়ে যেতে পারে (যদিও খুব কমই এমন ঘটে থাকে, সেই ব্যক্তি খুব অভিজ্ঞ হলেও এমন ঘটতে পারে)

যেকোন স্ক্রিনিং প্রোগ্রামে কোন পরীক্ষাই প্রত্যেককে সনাক্ত করতে পারবে না যাদের অস্বাভাবিক সার্ভাইকাল কোষ আছে।

সার্ভাইকাল (জরায়ুমুখের) ক্যান্সারের বিকাশ হতে অনেক বছর সময় লাগে। বেশিরভাগ ক্ষেত্রে, কোষ স্বাভাবিক থেকে অস্বাভাবিক ক্যান্সার কোষে পরিবর্তিত হতে 10 থেকে 15 বছর সময় লাগে।

ঠিক এই কারণেই বাকি থাকা স্ক্রিনিংগুলির নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন।

আমি কিভাবে আমার পরীক্ষার ফলাফল সম্পর্কে জানতে পারব?

সাধারণত পরীক্ষার 4 সপ্তাহের মধ্যে আপনাকে আপনার পরীক্ষার ফলাফলগুলি ডাকযোগে পাঠানো হবে। ফলাফলগুলি আপনার জিপি (ডাক্তার) বা ক্লিনিকেও পাঠানো হবে।

আমার পরীক্ষার ফলাফল মানে কী?

সম্ভাব্য ফলাফল চার রকমের হতে পারে।

1. HPV পাওয়া যায়নি

আপনার ফলাফল দেখায় যে আপনার এই সময়ে HPV সংক্রমণ নেই। আপনার বয়সের উপর নির্ভর করে 3 বা 5 বছরের মধ্যে আপনার পরবর্তী সার্ভাইকাল স্ক্রিনিং পরীক্ষা হবে।

2. HPV পাওয়া গেছে কিন্তু কোন রকম অস্বাভাবিক কোষ পরিবর্তন লক্ষ্য করা যায়নি।

পরীক্ষায় দেখা গেছে যে আপনার HPV সংক্রমণ আছে **কিন্তু** কোষে কোনো অস্বাভাবিক পরিবর্তন দেখা যায়নি। আপনার আরেকবার এই পরীক্ষা করা উচিত 12 মাসের মধ্যে এটি আপনার শরীরকে HPV সংক্রমণ মুক্ত করতে সময় দেবে।

3. HPV এবং কোষের অস্বাভাবিক পরিবর্তন দেখতে পাওয়া গেছে

পরীক্ষার ফলাফলে আপনার সার্ভিক্সে HPV সংক্রমণ এবং কোষের অস্বাভাবিক পরিবর্তন দেখতে পাওয়া গেছে। আপনার একটি ফলো-আপ পরীক্ষার প্রয়োজন। কলপোস্কোপি-যার মাধ্যমে আপনার সার্ভিক্সের আরও বিশদ চেহারা দেখা যাবে। এটি সার্ভাইকাল স্ক্রিনিংয়ের মতই একটি পরীক্ষা।

4. অপর্যাপ্ত নমুনা

এর মানে হল যে ল্যাব আপনার স্ক্রিনিং পরীক্ষার নমুনা প্রক্রিয়া করতে পারেনি। আপনাকে তিন মাসের মধ্যে আপনার সার্ভাইকাল স্ক্রিনিং পুনরাবৃত্তি করতে বলা হবে।

আপনার সম্মতি প্রদান

আপনার সার্ভাইকাল স্ক্রিনিং পরীক্ষা করা হলে, প্রতিবার আমরা আপনাকে পরীক্ষার আগে সার্ভিকাল স্ক্রিনিং ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে আপনার সম্মতি চাইবো। আপনি যদি ফর্মটিতে স্বাক্ষর করতে না পারেন, তাহলে আপনাকে মৌখিকভাবে বা ডাক্তার বা নার্সের সামনে ফর্মটিতে একটি চিহ্ন তৈরি করে আপনাকে সম্মতি দিতে বলা হবে।

এটি নিশ্চিত করার জন্য যে আপনি:

- আপনাকে সার্ভিকাল স্ক্রিনিং এবং এর সুবিধা এবং সীমাবদ্ধতা সম্পর্কে বলা হয়েছে
- এই তথ্য বুঝতে
- আপনার নাম, ঠিকানা এবং অন্যান্য বিশদ বিবরণ সঠিক আছে কিনা পরীক্ষা করা হয়েছে (এটি আপনার সাথে আমাদের যোগাযোগ করার জন্য আপনার বর্তমান ঠিকানা নিশ্চিত করতে সাহায্য করে)
- আমাদের HPV সার্ভিকাল স্ক্রিনিং প্রোগ্রাম প্রদানকারীদের সাথে আপনার ব্যক্তিগত তথ্য এবং স্ক্রিনিং ইতিহাস গ্রহণ, সেটি রাখার এবং বিনিময় করার অনুমতি দিন

মনে রাখবেন:শুধুমাত্র আপনি আমাদের প্রোগ্রামের অংশ হতে আপনার সম্মতি দিতে পারেন। আপনাকে আগেই সম্মতি দিতে হবে

স্ক্রিনিং পরীক্ষার আপনি যে কোনো সময় আমাদের সাথে ফ্রিফোন **1800 45 45 55** নম্বরে যোগাযোগ করে অথবা **info@ cervicalcheck.ie** ইমেল করে আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন।

এর মানে হল ভবিষ্যতে আমরা সার্ভিকাল স্ক্রিনিং প্রোগ্রাম সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করব না।

আপনার ব্যক্তিগত তথ্যসমূহ আমরা কী ভাবে ব্যবহার করব

সার্ভাইকাল-চেক আপনার ব্যক্তিগত তথ্য (নাম, ঠিকানা, ফোন নম্বর, জন্ম তারিখ, PPSN, পৈতৃক পদবী এবং মায়ের প্রথম নাম) এবং সার্ভিকাল স্ক্রিনিং ইতিহাস নেয় এবং নিরাপদে সংরক্ষণ করে। আপনার সার্ভাইকাল স্ক্রিনিং ইতিহাস সার্ভাইকাল-চেক-এ আপনার অংশগ্রহণের সাথে সম্পর্কিত।

এতে আপনার HPV সার্ভাইকাল স্ক্রিনিংয়ের ফলাফল, কলপোস্কোপি উপস্থিতি, চিকিৎসা এবং বায়োপসির (পরীক্ষার নমুনা) ফলাফল অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনার পরবর্তী স্ক্রিনিং পরীক্ষার সময় বা আপনার ফলাফল লভ্য হলে আমরা আপনার সাথে যোগাযোগ করতে আপনার তথ্য ব্যবহার করব। এছাড়াও আমরা অন্যান্য স্বাস্থ্য পরিষেবার সাথে আপনার তথ্যগুলি বিনিময় করব যারা প্রোগ্রামগুলি প্রদান করে। এর মধ্যে রয়েছে আপনার স্ক্রিনিং পরীক্ষা, ল্যাবরেটরি, কলপোস্কোপি ক্লিনিক এবং আয়ারল্যান্ডের ন্যাশনাল ক্যান্সার রেজিস্ট্রির ডাক্তার বা নার্স। এটি পরিসেবার মান বজায় রাখা এবং উন্নত করার জন্য।

আমরা শিক্ষাদানে আপনার স্ক্রিনিং পরীক্ষার নমুনা ব্যবহার করতে পারি পর্যালোচনা এবং অডিটে এবং প্রোগ্রামের গুণমান এবং কার্যকারিতা পরীক্ষা করার জন্য। গবেষণায় অংশ নেওয়ার জন্য আপনাকে আমন্ত্রণ জানাতেও আমরা আপনার তথ্য ব্যবহার করতে পারি।

স্ক্রিনিংয়ে অংশ নেওয়া বা না নেওয়া আপনার পছন্দ। আমরা কখনই কোন প্রতিবেদনে, শিক্ষা দেওয়ার সময় অথবা পর্যালোচনায় আপনার নাম ব্যবহার করব না।

বর্তমান ডেটা সুরক্ষা প্রবিধানের সাথে সামঞ্জস্য রেখে আমরা আপনার ব্যক্তিগত তথ্য নিরাপদ, সুরক্ষিত এবং গোপনীয় রাখব।

আপনার অনুরোধের ভিত্তিতে সার্ভাইকাল চেক দ্বারা ধারণকৃত আপনার ব্যক্তিগত তথ্যে আপনার সম্পূর্ণ এবং উন্মুক্ত অধিগম্যতা থাকবে। আপনার ব্যক্তিগত কোন বিবরণ পরিবর্তন হলে তা সার্ভাইকাল-চেক-কে জানানো গুরুত্বপূর্ণ। কীভাবে আপনার রেকর্ড অ্যাক্সেস করবেন তা জানতে, **hse.ie/gdpr/data-requests/** ওয়েবসাইট দেখুন রোগী এবং পরিষেবা ব্যবহারকারীরা আরও তথ্যের জন্য HSE গোপনীয়তা বিজ্ঞপ্তি দেখুন এখানে: **hse.ie/gdpr/**

আপনার সাথে যোগাযোগ

আমরা আপনার সাথে খোলামেলা ভাবে, সৎ, সময়োপযোগী এবং স্বচ্ছভাবে যোগাযোগ করব যদি:

- আপনার যত্ন নিতে কোন ভুল হয়
- আপনার ভুল যত্নের ফলে আপনি ক্ষতির সম্মুখীন হন
- আমরা মনে করি ক্ষতি হতে পারে

এর মানে হল যে আমরা সার্ভিকাল স্ক্রিনিং প্রোগ্রামে আপনার অংশগ্রহণ সম্পর্কে তথ্য এবং বিশদ বিবরণ সম্পর্কে আপনাকে সম্পূর্ণরূপে অবহিত করব।

যখন আমরা আপনার ফলাফলগুলি পাব, তখন আমরা সেগুলির মানে এবং সে সম্পর্কে আরও তথ্য সহ আপনাকে পাঠাব। আপনি আরো তথ্য **hse.ie/cervicalcheck** এও পেতে পারেন

CervicalCheck
AN CLÁR NÁISIÚNTA SCAGTHÁSTÁLA CEIRBHEACS
THE NATIONAL CERVICAL SCREENING PROGRAMME

সার্ভাইকাল স্ক্রিনিং ফর্ম

Bengali

অসম্পূর্ণ ফর্ম ফেরত দেওয়া হতে পারে।

অনুগ্রহ করে গ্রাহকের সাথে যাচাই করুন যে ফর্মের সমস্ত বিবরণ সঠিক।

একবার যাচাই হয়ে গেলে অনুগ্রহ করে নমুনা শিশি থেকে শিশির নম্বরের লেবেলটি সরান এবং সেটি ফর্মের সাথে সংযুক্ত করুন।

ভায়াল নম্বর:

গ্রাহকের বিবরণ

ব্যক্তিগত পাবলিক সার্ভিস নম্বর (সংখ্যা / অক্ষর)

CSP আই-ডি

হাসপাতালের নম্বর (প্রযোজ্য হলে)

জন্ম তারিখ (দিন / মাস / বছর)

ইন্ডিভিজুয়াল হেল্থ আইডেন্টিফায়ার (IHI)

আপনার বিবরণ পূরণ করার সময় উপাধি লিখতে ব্লক ক্যাপিটাল ব্যবহার করুন

নাম

মধ্য নাম

পৈতৃক পদবী

মায়ের বিয়ের আগের পদবী

ডাকযোগে যোগাযোগের ঠিকানা

Eir কোড:

যোগাযোগের টেলিফোন নম্বর

অনুগ্রহ করে পরীক্ষা করে দেখুন যে, যে উপরে আপনজে,সমস্ত বিবরণ সঠিক কিনা

আমাকে দেওয়া সমস্ত তথ্য আমি বুঝতে পেরেছি এবং সার্ভাইকাল-চেক-এ অংশ নিতে সম্মতি দিচ্ছি

গ্রাহকের স্বাক্ষর: _____

সার্ভাইকাল-চেক তৃতীয় পক্ষের সম্মতি গ্রহণ করে না।

ডাক্তার /নার্স

ডাক্তার/নার্স-এর নাম:
প্র্যাকটিস/ক্লিনিক:
ঠিকানা:

ডাক্তার/নার্স আই-ডি: (MCRN অথবা NMBI)

টেলিফোন নম্বর

চিকিৎসা জন্য দায়িত্বশীল ডাক্তারের আই-ডি বা ক্লিনিক আই-ডি (MCRN)

পরীক্ষার তারিখ (দিন / মাস / বছর)

LMP (দিন / মাস / বছর)

প্রাসঙ্গিক চিকিৎসার বিবরণ (অনুগ্রহ করে উপযুক্ত জায়গায় টিক দিন)

OCP/হরমোন/HRT	☐	IUCD	☐	মেনোপজ-পরবর্তী	☐
HPV ভ্যাকসিন করা হয়েছে	☐	পোস্ট কলপোস্কোপি স্মিয়ার	☐	সাব-টোটাল/টোটাল হিস্টেরেক্টমি	☐
প্রি/পোস্ট ট্রান্সপ্ল্যান্ট	☐	ডায়ালিসিস	☐	DES	☐
পোস্ট-কোইটাল রক্তপাত	☐	মেনোপজ-পরবর্তী রক্তপাত	☐	CD4i	☐
নমুনা সাইট: সার্ভিক্স (জরায়ুপথ)	☐	ভল্ট (সম্পূর্ণ হিস্টেরেক্টমি পরবর্তী)	☐		

যেখানে সার্ভিক্স উপস্থিত থাকে, স্মিয়ারটেকারের উচিত সমগ্র জরায়ুকে ভিজ্যুয়ালাইজ করা এবং স্যাম্পলারের 5 x 360° ঘূর্ণন সহ নির্ভুলভাবে নমুনা করা। নমুনা জমা দেওয়া নিশ্চিতকরণ যে এটি হয়ে গেছে।

স্ক্রিনিংয়ের ইতিহাস

ল্যাবের নাম	পরীক্ষার তারিখ	সাইটোলজি ফলাফল	HPV ফলাফল

চিকিৎসার ইতিহাস

ক্লিনিকের নাম	তারিখ	পদ্ধতি	ফলাফল

শুধুমাত্র ল্যাবরেটরিতে

ল্যাবরেটরিতে প্রাপ্তির তারিখ (দিন / মাস / বছর)

অ্যাক্সেশন নমুনা নম্বর:

বারকোড

TZ কোষ হ্যাঁ ☐ না ☐

চূড়ান্ত ফলাফল

ম্যানেজমেন্ট প্রস্তাবিত

1° 2°

পন্থা

রিপোর্টের তারিখ (দিন / মাস / বছর)

স্বাক্ষর (দিন / মাস / বছর)

Sample

CS/PUB/CC-48